[redacted]

[redacted]

[redacted]

[

[redacted]

[redacted]

এইডেন মার্করাম (দক্ষিণ আফ্রিকা), ডম সিবলি (ইংল্যান্ড), কুশল মেন্ডিস (শ্রীলংকা), বাবর আজম (পাকিস্তান) অধিনায়ক, ওলি পোপ (ইংল্যান্ড), ঋষভ পন্ত (ভারত)—উইকেটকিপার, স্যাম কারেন (ইংল্যান্ড), রশিদ খান (আফগানিস্তান), জোফরা আর্চার (ইংল্যান্ড), কাগিসো রাবাদা (দক্ষিণ আফ্রিকা) ও শাহিন শাহ আফ্রিদি (পাকিস্তান)।

তথ্যসূত্র: উইজডেন

ফাহিম হত্যাকাণ্ড নিয়ে পোস্ট দিলেন রুবেল

বাংলাদেশে রাইড শেয়ারিং সার্ভিস পাঠাওয়ের সহপ্রতিষ্ঠাতা ফাহিম সালেহর হত্যার ঘটনায় তোলপাড় যুক্তরাষ্ট্র।

খুব দ্রুত গতিতে এগোচ্ছে চাঞ্চল্যকর এ হত্যা রহস্যের তদন্ত।

ইতিমধ্যে ফাহিমকে হত্যার অভিযোগে তার ব্যক্তিগত সহকারী হাসপিলকে গ্রেফতার করেছে নিউইয়র্ক পুলিশ।

আমেরিকান-বাংলাদেশি এই সফল উদ্যোক্তার হত্যাকাণ্ডে বিচলিত হয়ে পড়েছেন জাতীয় দলের পেসার রুবেল হোসেনও।

ফাহিম সালেহ হত্যার বিচার চেয়ে রোববার সকালে নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে একটি স্ট্যাটাস দিয়েছেন রুবেল।

৩৩ বছর বয়সী সফল উদ্যোক্তা ফাহিম সালেহর ছবি দিয়ে রুবেল লিখেছেন– ‘ফাহিম সালেহ হত্যার সুবিচার চাই।’

তবে রুবেলের এমন পোস্ট নিয়ে সমর্থকদের মধ্যে বিভক্তি দেখা দিয়েছে। কেউ কেউ এই পোস্টের জন্য রুবেলকে সমর্থন দিয়েছেন।

আবার অনেকেই লিখেছেন– ঘটনার এতদিন পর অপরাধী ধরা পড়ার পর এমন পোস্ট দেয়ার অর্থ নেই।

অনেকে আবার বলেছেন– যুক্তরাষ্ট্রে ঘটিত এক হত্যাকাণ্ডের জন্য বাংলাদেশে বসে ‘বিচার চাই’ বলে পোস্ট দেয়াটা হাস্যকর। নিজ দেশেই কত হত্যাকাণ্ড ঘটছে। সেগুলোর বিচার কজন চায়!

প্রসঙ্গত, গত ১৩ জুলাই ম্যানহাটনে নিজের অ্যাপার্টমেন্টে নিহত হন বাংলাদেশে রাইড শেয়ারিং সার্ভিস পাঠাওয়ের সহপ্রতিষ্ঠাতা ফাহিম সালেহ।

পর দিন খণ্ড-বিখণ্ড অবস্থায় তার মৃতদেহ খুঁজে পাওয়া যায়। গত ১৭ জুলাই হত্যাকাণ্ডে জড়িত থাকা সন্দেহে ফাহিমের ব্যক্তিগত সহকারী টাইরেস ডেভো হাসপিলকে গ্রেফতার করে ম্যানহাটন পুলিশ।

মাশরাফির পর এবার করোনামুক্ত হলেন স্ত্রী সুমি

মাশরাফির পর করোনা থেকে মুক্তি পেলেন তার স্ত্রী সুমনা হক সুমি। এর আগে তৃতীয় দফায় কভিড-১৯ এর রিপোর্টে নেগেটিভ এসেছে বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের সাবেক অধিনায়ক মাশরাফি বিন মর্তুজার। শনাক্ত হওয়ার ২৪ দিন পর করোনা থেকে সেরে উঠেছেন তিনি।

মাশরাফির স্ত্রীর করোনামুক্তির খবর জানিয়েছেন তিনি নিজেই। নিজের ফেসবুক থেকে এক পোস্টের মাধ্যমে তিনি জানিয়েছেন, ‘আলহামদুলিল্লাহ, করোনার রেজাল্ট নেগেটিভ এসেছে। সমস্ত কৃতজ্ঞতা আল্লাহর প্রতি ও যারা আমাকে কঠিন এই সময়ে পাশে ছিলেন তাদের প্রতি।’

করোনায় জীবন যখন বিপর্যস্ত তখন নড়াইলের মানুষের পাশে নিঃস্বার্থভাবে দাঁড়িয়েছেন জাতীয় ক্রিকেট দলের সফল অধিনায়ক নড়াইল-২ আসনের সংসদ সদস্য নড়াইল এক্সপ্রেস খ্যাত মাশরাফি বিন মর্তুজা।

যদিও গত ২০ জুন চিকিৎসকেরা জানায় করোনাভাইরাস বাসা বেঁধেছে তার শরীরে। পরবর্তীতে তৃতীয় দফায় টেস্ট করানোর পর করোনা থেকে

ভারতে এবছর আর আন্তর্জাতিক ক্রিকেট হবে না

গত কয়েকদিন ধরেই শোনা যাচ্ছে, এবারের আইপিএল দুবাইয়ে হবে। এরপর ভারতীয় ক্রিকেট বোর্ডের (বিসিসিআই) এপেক্স কাউন্সিলের সভায় এই সিদ্ধান্ত হয়েছে। তবে দুটি শর্ত আছে। প্রথমত, কেন্দ্রীয় সরকারের ছাড়পত্র পেতে হবে। দ্বিতীয়ত, আইসিসিকে আনুষ্ঠানিকভাবে টি-টোয়েন্টি বিশ্বকাপ বাতিলের কথা ঘোষণা করতে হবে। আগামী সপ্তাহে টি-টোয়েন্টি বিশ্বকাপ নিয়ে নিজেদের চূড়ান্ত সিদ্ধান্ত জানাবে আইসিসি।

এপেক্স কাউন্সিলের সভায় সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে, পরিস্থিতি একটু উন্নতি হলে আহমেদাবাদে ক্রিকেটারদের কন্ডিশনিং ক্যাম্প হতে পারে। করোনা মহামারীর কারণে বিশ্বের সবচেয়ে বড় স্টেডিয়াম মোতেরায় প্রথম আন্তর্জাতিক ম্যাচ আয়োজন করা যায়নি। এরপর অস্ট্রেলিয়া সিরিজে ম্যাচ আয়োজন করা হবে মোতেরায়। তার আগে এই মাঠেই ভারতীয় ক্রিকেটারদের ক্যাম্প হতে পারে।

আরও সিদ্ধান্ত হয়েছে যে, আগামী ডিসেম্বর পর্যন্ত সমস্ত ঘরোয়া ক্রিকেটের ম্যাচ বন্ধ থাকবে। ভারতের বয়সভিত্তিক বিভিন্ন টুর্নামেন্টে ৩৮টি দল অংশগ্রহণ করে। এক জায়গা থেকে অন্য জায়গায় যাতায়াত সমস্যার কারণে বিসিসিআই এখনই তাড়াহুড়া করে ঘরোয়া ক্রিকেটে চালু করতে চায় না। যে কারণে এবছরের দুলীপ ট্রফি, দেওধর ট্রফি এবং চ্যালেঞ্জার সিরিজ বাতিল হয়েছে। তাছাড়া ভারতে এবছর কোনো আন্তর্জাতিক ম্যাচও অনুষ্ঠিত হবে না।

করোনামুক্ত হলেন মাশরাফির স্ত্রী

করোনাযুদ্ধে জয়ী হয়েছেন বাংলাদেশ ক্রিকেটের সফল অধিনায়ক মাশরাফি বিন মুর্তজার স্ত্রী সুমনা হক।

নিজের করোনামুক্তির সুখবর ফেসবুকে নিজেই জানালেন।

শুক্রবার ফেসবুকে এক স্ট্যাটাসে সুমনা লেখেন, ‘রিপোর্ট নেগেটিভ, আলহামদুলিল্লাহ শান্তি। আমি সৃষ্টিকর্তার প্রতি কৃতজ্ঞ এবং যারা আমার জন্য যারা দোয়া করেছেন।’

দ্বিতীয় দফায় পজিটিভ ফলাফল আসে স্ত্রী সুমির। এতে কিছুটা উদ্বিগ্ন হয়ে দেশবাসীর কাছে দোয়া চেয়েছিলেন মাশফারি।

অবশেষে তৃতীয় টেস্টে ফলাফল নেগেটিভ এসেছে।

উল্লেখ্য, দীর্ঘদিন করোনায় আক্রান্ত ছিলেন মাশরাফিসহ গোটা পরিবার। গত ২০ জুন করোনায় আক্রান্ত হন মাশরাফি। বাসায় আইসোলেশনে থেকে চিকিৎসা নিচ্ছিলেন তিনি। এরইমধ্যে জানা যায়, মাশরাফির পর ছোট ভাই মোরসালিন ও স্ত্রী সুমনা হকও করোনায় আক্রান্ত হন। তিন দফা করোনা টেস্ট করে অবশেষে ১৪ জুলাই করোনা নেগেটিভ হন মাশরাফি ও ছোট ভাই মোরসালিন। সূত্র-যুগান্তর

রিয়াল মাদ্রিদের ফুটবলারদের নিয়ে বিস্ফোরক মন্তব্য জিদানের

টানা তিনবার চ্যাম্পিয়ন্স লিগ খেতাব, একটি লা-লিগা, জোড়া উয়েফা সুপার কাপ, একটি ফিফা ক্লাব ওয়ার্ল্ড কাপ। রিয়াল মাদ্রিদে তার কোচিংয়ের প্রথম ধাপে জিদানের সাফল্যের মাত্রা ছিল পূর্ণ।

তৃতীয়বার রিয়াল মাদ্রিদকে ইউরোপ সেরা করে চাকরি থেকে অব্যাহতি নিয়েছিলেন বিশ্বজয়ী সাবেক এই ফরাসি ফুটবলার।

কিন্তু গত মৌসুমে রিয়াল মাদ্রিদের মাঠের ফল খারাপ হওয়ার কারণে মাঝপথেই ফের ডাক পড়ে তার। প্রাণের চেয়ে প্রিয় ক্লাবের সেই ডাক উপেক্ষা করতে পারেননি জিদান। কোনওরকমে গত মৌসুম শেষ করার পর নতুন বছর নিয়ে পরিকল্পনা তৈরিতে নেমে পড়েন তিনি। যার ফল চলতি বছরে পাচ্ছে লস ব্ল্যাঙ্কোসরা।

লকডাউন পরবর্তী টানা ৯ ম্যাচে জয়। এরপর এক ম্যাচ হাতে রেখেই স্প্যানিশ ফুটবল লিগের শিরোপা জিতল রিয়াল মাদ্রিদ। লিগের ৩৭তম রাউন্ডের ম্যাচে ভিয়ারিয়ালকে ২-১ গোলে হারিয়ে শিরোপা জয় নিশ্চিত করেছে জিনেদিন জিদানের শিষ্যরা। এটি রিয়ালের ৩৪তম লিগ শিরোপা। দুই মৌসুম পর আবারও শিরোপা পুনরুদ্ধার করলো গ্যালাকটিকোরা।

দ্বিতীয়বার হেড কোচ হিসেবে লা লিগা জয় করে জিদান বলেন, আমার ফুটবলাররা সেরা। ওরা প্রত্যেকেই ব্যালন ডি-অর জয়ের দাবিদার। জিদান জানিয়েছেন, আমার মনে হয় আমার ফুটবলাররাই সেরা। বহু বছর ধরে করিম নিঃশব্দে দুরন্ত পারফর্ম করে যাচ্ছে। কিন্তু প্রত্যেকবারের মতোই একজনই ব্যালন ডি-অর নিয়ে যাবে আর বাকিরা কেবল মতামত পোষণ করবে।আমার দলের সকল ফুটবলারই ব্যালন ডি-অর পাওয়ার যোগ্য।

সূত্র- বিডি-প্রতিদিন

করোনায় আক্রান্ত বড় ভাই, কোয়ারেন্টাইনে সৌরভ গাঙ্গুলি

করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন ভারতীয় ক্রিকেট বোর্ডের প্রেসিডেন্ট সৌরভ গাঙ্গুলির বড় স্নেহাশিষ গাঙ্গুলি।

বুধবার ক্রিকেট অ্যাসোসিয়েশন অব বেঙ্গলের (সিএবি) যুগ্ম সচিব স্নেহাশিষ গাঙ্গুলির শরীরে মিলেছে প্রাণঘাতী করোনাভাইরাসের

উপস্থিতি।

গত কয়েকদিন ধরেই জ্বর ছিল স্নেহাশিসের। ৯৯-১০০ ডিগ্রি ফারেনহাইট থাকছিল তাপমাত্রা। বুধবার তার লালারস পরীক্ষা করা হয়। রাতের দিকে তার রিপোর্ট পজিটিভ আসে। তারপর তাকে ভর্তি করা হয় এক হাসপাতালে। ফের তার লালারসের নমুনা পরীক্ষা করে দেখা হবে।
এদিকে বড় ভাইয়ের করোনা ধরা পড়ার পর সৌরভ গাঙ্গুলি নিজেকে বন্দী করেছেন হোম কোয়ারেন্টাইনে।

গত ৮ জুলাই জন্মদিন ছিল সৌরভের। সেখানে পরিবারের সকল সদস্যই ছিলেন উপস্থিত। দেখা হচ্ছে, সম্প্রতি স্নেহাশিস কাদের সংস্পর্শে এসেছেন, সেটাও। এদিকে, শুক্রবার বোর্ডের অ্যাপেক্স কাউন্সিলের বৈঠক রয়েছে। সেখানে বোর্ড প্রেসিডেন্ট সৌরভ সম্ভবত বাড়ি থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে যোগ দেবেন।

এর আগে স্নেহাশিসের স্ত্রী ও তার মা করোনায় আক্রান্ত হয়েছিলেন। তখন স্নেহাশিসেরও করোনা আক্রান্ত হওয়ার খবর ছড়িয়ে পড়েছিল। কিন্তু সেই খবরকে উড়িয়ে দিয়েছিলেন খোদ স্নেহাশিস। তবে এবার তার রিপোর্ট এল পজিটিভ।

সূত্র – বিডি প্রতিদিন

রিয়ালের শিরোপা জয়ের দিনে হেরেই গেল বার্সা

এক ম্যাচ হাতে রেখেই স্প্যানিশ ফুটবল লিগের শিরোপা জিতল রিয়াল মাদ্রিদ। লিগের ৩৭তম রাউন্ডের ম্যাচে ভিয়ারিয়ালকে ২-১ গোলে হারিয়ে শিরোপা জয় নিশ্চিত করেছে জিনেদিন জিদানের শিষ্যরা। এটি রিয়ালের ৩৪তম লিগ শিরোপা। দুই মৌসুম পর আবারও শিরোপা পুনরুদ্ধার করলো গ্যালাকটিকোরা।

এদিকে, একই সময়ে লিগের অন্য ম্যাচে ওসাসুনার কাছে ২-১ গোলে হেরে গেছে বার্সেলোনা। ক্যাম্প নউয়ে শেষ সময়ের গোলে নাটকীয় জয়

পেয়েছে ওসাসুনা। বৃহস্পতিবার (১৬ জুলাই) দিনগত রাতে ক্যাম্প নউয়ে ম্যাচের শুরু থেকেই বার্সাকে চেপে ধরে ওসাসুনা।

আক্রমণাত্মক ফুটবলের ফল দ্রুতই পায় দলটি। ধারে খেলতে আসা দুই খেলোয়াড়ের নৈপুণ্যে ষোড়শ মিনিটে এগিয়ে যায় সফরকারীরা। ডিফেন্ডার এস্তুপিনানের ক্রস থেকে বল পেয়ে ডান পায়ের শটে বল জালে জড়ান সাবেক বার্সা মিডফিল্ডার হোসে আরনাইস।
বিরতির পর সমতায় ফেরে কাতালানরা। ৬২ মিনিটে ফ্রি-কিক থেকে অসাধারণ এক গোল করে বার্সেলোনাকে ১-১ গোলে সমতায় ফেরান বার্সা অধিনায়ক।

৭৭ মিনিটে বিপদে পড়ে ওসাসুনা। ফাউল করায় ওসাসুনার এনরিক গ্যালিগোকে ভিডিও রেফারি সহায়তা নিয়ে লাল কার্ড দেখান রেফারি। ১০ জনের দলে পরিনত হয় ওসাসুনা। এরপর যোগ করা সময়ে এনরিকে বারহার দারুণ ক্রসে আবার ওসাসুনাকে এগিয়ে নেন রবের্তো তরেস।

এই পরাজয়ে দ্বিতীয় স্থানে থাকা বার্সেলোনার পয়েন্ট ৩৭ ম্যাচে
৭৯। আর সমান ম্যাচে শিরোপা নিশ্চিত করা রিয়ালের পয়েন্ট ৮৬।

সূত্র – বিডি প্রতিদিন

কাতার বিশ্বকাপের নজিরবিহীন সূচি, একদিনে ৪ ম্যাচ!

অনেক প্রতীক্ষার পর অবশেষে কাতার বিশ্বকাপ-২০২২ এর চূড়ান্ত সূচি ঘোষণা হল। বুধবার নিজেদের অফিসিয়াল টুইটার হ্যান্ডলে বিশ্বকাপের চূড়ান্ত সূচি ও শুরুর তারিখটি জানিয়েছে বিশ্ব ফুটবলের নিয়ন্ত্রক সংস্থা (ফিফা)।

আর সেই সূচি দেখেই হতচকিত হয়ে পড়েছেন বিশ্বব্যাপী ফুটবলপ্রেমীরা। কেননা একদিনেই বিশ্ব দেখবে চারটি করে ম্যাচ। তাও আবার মাত্র ১১ ঘণ্টার মধ্যে!

ফিফা জানিয়েছে, গ্রুপ পর্বে প্রতিদিন চারটি করে ম্যাচ অনুষ্ঠিত

হবে।
এমন সূচিকে নজিরবিহীন বলে আখ্যা দিচ্ছেন অনেকেই। বিগত আসরগুলোতে এমন সূচিতে খেলা পড়েনি।

সূচি অনুযায়ী, ২০২২ সালের ফুটবল বিশ্বকাপের পর্দা উন্মোচন হবে ২১ নভেম্বর কাতারের রাজধানী দোহা সিটির আল বাইত স্টেডিয়ামে। স্থানীয় সময় দুপুর ১টায় প্রথম ম্যাচ শুরু হবে। চতুর্থ ম্যাচটি শুরু হবে রাত ১০টায়। ৩২ দলের এই বৈশ্বিক টুর্নামেন্ট শেষ হবে মাত্র ২৮ দিনেই। অর্থাৎ ফাইনাল ম্যাচটি হবে একই বছরের ১৮ ডিসেম্বর লুসাইল স্টেডিয়ামে।

জানা গেছে, আল বাইত স্টেডিয়ামের দর্শক ধারণ ক্ষমতা ৬০ হাজার। আর ফাইনালের ভেন্যু লুসাইল স্টেডিয়ামে দর্শক ধারণ ক্ষমতার ৮০ হাজার।

ফিফা কর্তৃপক্ষ জানিয়েছে, মাত্র ১১ ঘণ্টার ব্যবধানে চার ম্যাচ অনুষ্ঠিত হওয়ার বিষয়ে কোনও সমস্যা হবে না। দোহার আশেপাশে স্টেডিয়ামগুলো অবস্থিত। দূরত্ব কম হওয়ায় একই দিনে চাইলে মাঠে গিয়ে কয়েকটি ম্যাচ উপভোগ করতে পারবেন ফুটবলপ্রেমীরা।

কাতার বিশ্বকাপের আয়োজক কমিটির প্রধান নির্বাহী নাসের আল খাতের জানিয়েছেন, বিশ্বকাপ আয়োজনের কাজ দারুণ গতিতে এগিয়ে চলছে এবং রাস্তা ও অবকাঠামোর ৯০ শতাংশ কাজ সম্পন্ন হয়েছে।

এদিকে জানা গেছে, কাতার বিশ্বকাপ এশিয়া অঞ্চল বাছাইয়ের খেলা আগামী অক্টোবরে শুরু হবে। বাছাই প্রক্রিয়া শেষে আগামী বছর মার্চ-এপ্রিলে হবে ড্র। এরপর নির্দিষ্ট ম্যাচের ভেন্যু ও সময় নির্ধারণ করা হবে।

তথ্যসূত্র: বিডি প্রতিদিন